

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৯ (আদালত)

প্রজ্ঞাপন

তারিখ : ১১ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/২৫ মে, ২০২২ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নম্বর ১০৮-আইন/২০২২।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২
নং আইন) এর ধারা ২১৪ এর—

- (ক) উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ নৃতন ৩ (তিনি) টি শ্রম আদালত
স্থাপন করিল, যথা :—
(১) শ্রম আদালত, নারায়ণগঞ্জ;
(২) শ্রম আদালত, গাজীপুর;
(৩) শ্রম আদালত, কুমিল্লা; এবং
- (খ) উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০৪ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক
১৮ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নম্বর ২০৮-আইন/২০১৯
রহিত করিয়া, নিম্ন তফসিলের কলাম (২) এ উল্লিখিত শ্রম আদালতসমূহের
এখতিয়ার কলাম (৩) এ উল্লিখিত জেলা, উপজেলা ও, ক্ষেত্রমত, থানায় এতদ্বারা
নির্ধারণ ও পুনঃনির্ধারণ করিল, যথা :—

তফসিল

ক্রমিক নম্বর	শ্রম আদালতের নাম	এখতিয়ার
(১)	(২)	(৩)
১।	প্রথম শ্রম আদালত, ঢাকা	মানিকগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর ও শেরপুর জেলা এবং ঢাকা জেলার কেরাণীগঞ্জ, দোহার, সাভার, তেজগাঁও, নবাবগঞ্জ, ধামরাই, রমনা, গুলশান, শাহবাগ, শেরেবাংলা নগর, পল্টন, কাফবুল, হাতিরবিল ও বনানী থানা।

(৯০৮৩)

মূল্য : টাকা ৮.০০

(১)	(২)	(৩)
২।	দ্বিতীয় শ্রম আদালত, ঢাকা	ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরিয়তপুর ও গোপালগঞ্জ জেলা এবং ঢাকা জেলার সবুজবাগ, কোতোয়ালী, মতিখিল, সুত্রাপুর, ডেমরা, শ্যামপুর, খিলগাঁও, বংশাল, ওয়ারী, যাত্রাবাড়ী, কদমতলী, রামপুরা, বাড়া, গেভরিয়া, শাহজাহানপুর, মুগন্দা ও ভাটোরা থানা।
৩।	তৃতীয় শ্রম আদালত, ঢাকা	ময়মনসিংহ, নেত্রকোণা এবং ঢাকা জেলার লালবাগ, মোহাম্মদপুর, ধানমন্ডি, মিরপুর, পল্লবী, ক্যান্টনমেন্ট, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, হাজারীবাগ, কামরাঞ্জীরচর, নিউমার্কেট, আদাবর, শাহ আলী, তুরাগ, খিলক্ষেত, কলাবাগান, দারুসসালাম, চকবাজার, তেজগাঁও শিল্পাঞ্চল, উত্তরখান, দক্ষিণখান, বিমান বন্দর, বৃপ্নগর ও ভাষানটেক থানা।
৪।	প্রথম শ্রম আদালত, চট্টগ্রাম	রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও চট্টগ্রাম জেলার আনোয়ারা, কর্ণফুলি, চন্দনাইশ, পটিয়া, ফটিকছড়ি, বাঁশখালী, সীতাকুন্ড, সন্দীপ ও সাতকানিয়া উপজেলা এবং কর্ণফুলী, কোতোয়ালী, হালিশহর, খুলশী, বায়েজিদ বোস্তামী, আকবর শাহ, চকবাজার, পাঁচলাইশ ও পাহাড়তলী থানা।
৫।	দ্বিতীয় শ্রম আদালত, চট্টগ্রাম	কল্বিবাজার ও চট্টগ্রাম জেলার বোয়ালখালী, মীরসরাই, রাউজান, রাঙুনিয়া, লোহাগাড়া, হাটহাজারী উপজেলা এবং ডবলমুরিং, বাকলিয়া, সদরঘাট, চান্দগাঁও, বন্দর, পতেঙ্গা ও ইগিজেড থানা।
৬।	শ্রম আদালত, খুলনা	খুলনা বিভাগের সকল জেলা।
৭।	শ্রম আদালত, রাজশাহী	রাজশাহী বিভাগের সকল জেলা।
৮।	শ্রম আদালত, সিলেট	সিলেট বিভাগের সকল জেলা।
৯।	শ্রম আদালত, বরিশাল	বরিশাল বিভাগের সকল জেলা।
১০।	শ্রম আদালত, রংপুর	রংপুর বিভাগের সকল জেলা।
১১।	শ্রম আদালত, নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ, মুল্লিগঞ্জ, নরসিংহদী ও কিশোরগঞ্জ জেলা।

(১)	(২)	(৩)
১২।	শ্রম আদালত, গাজীপুর	গাজীপুর জেলা।
১৩।	শ্রম আদালত, কুমিল্লা	কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলা।

- (গ) দফা (ক) এ উল্লিখিত শ্রম আদালতের কার্যক্রম আরম্ভ না হওয়া পর্যন্ত পূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত শ্রম আদালতে নৃতন মামলা এইরূপভাবে দায়ের হইবে যেন উহা এই প্রজ্ঞাপনে বর্ণিত সংশ্লিষ্ট অধিক্ষেত্রভুক্ত শ্রম আদালতে দায়ের হইয়াছে।
- (ঘ) দফা (খ) এ উল্লিখিত প্রজ্ঞাপন রাহিতকরণ সত্ত্বেও ইতৎপূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত কোনো শ্রম আদালতে কোনো মামলা বা কার্যধারা বিচারাধীন বা অনিষ্পত্ত থাকিলে উহা এই প্রজ্ঞাপনে বর্ণিত সংশ্লিষ্ট অধিক্ষেত্রভুক্ত শ্রম আদালতের অধীন চলমান থাকিবে ও নিষ্পত্ত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানা জামান
উপসচিব।